# শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (উচ্চবিদ্যালয়)
## বাংলা মাধ্যম (সহ শিক্ষা)
## বিষয় - জীবন বিজ্ঞান
## শ্রেণি - অষ্টম

**Assessment -1**

পূর্ণমান - ৪০                সময় - ১ঘন্টা ১০ মিনিট

ক - বিভাগ

**১। সঠিক উত্তরটি নির্বাচন করে তার ক্রমিক সংখ্যাসহ বাক্যটি সম্পূর্ণ করে লেখো : (১X১০=১০)**

- ১.১ ম্যালেরিয়া কথার অর্থ হল- ক)দ্রুত সংক্রমণ খ)খারাপ বায়ু গ)প্রবাহিত হওয়া ঘ)গরম হাওয়া।
- ১.২ হাঁচি কাশি কফ এর মাধ্যমে সংক্রামিত হয় – ক)ফ্লু খ)ডায়রিয়া গ)ম্যালেরিয়া ঘ)ডেঙ্গি।
- ১.৩ নিম্নলিখিত কোন রোগটি রক্ত দ্বারা বাহিত নয়? ক)এডস খ)ম্যালেরিয়া গ)হেপাটাইটিস-বি ঘ)কলেরা।
- ১.৪ রেড প্লেগ বলা হয় – ক)কালাজ্বরকে খ)ডায়রিয়াকে গ)স্মলপক্সকে ঘ)কলেরাকে।
- ১.৫ সূক্ষ্ম কোশকে দেখতে হলে প্রয়োজন হয় – ক)দর্পণ খ)টেলিস্কোপ গ)আতশকাচ ঘ)অণুবীক্ষণ যন্ত্র।
- ১.৬ কোশপ্রাচীর থাকে – ক)সোয়ানকোশ খ)প্রাণীকোশ গ)উদ্ভিদকোশ ঘ)সবকোশ – তে।
- ১.৭ একজন স্বাভাবিক মানুষের দেহ কোশের নিউক্লিয়াসের ক্রোমোজোম সংখ্যা হল – ক)22 খ)23 গ)44 ঘ)46।
- ১.৮ মানবদেহের ক্ষুদ্রতম কোশটি হল – ক)মনোসাইট খ)বেসোফিল গ)লিম্ফোসাইট ঘ)নিউট্রোফিল।
- ১.৯ মানুষের লোহিত রক্ত কণিকা – ক)দ্বিউত্তল খ)গোলাকার গ)একদিক উত্তল ঘ)অবতল।
- ১.১০ এদের মধ্যে কোনটি মহামারী নয়? ক)ডায়াবেটিস খ)কলেরা গ)অ্যাক্রোমেগালী ঘ)যক্ষা

খ - বিভাগ

**২। নির্দেশ অনুযায়ী উত্তর লেখো : (১X২০=২০)**

**উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পুরণ করো : (১X৫=৫)**

- ২.১ সেন্ট্রিওল_____ এর অংশ।
- ২.২ বর্ণহীন প্লাস্টিড _______ বলে।
- ২.৩ ________ পরিবেশ থেকে উদ্দীপনা গ্রহণ করে এবং তা পরিবহন করে।
- ২.৪ গুটিবসন্ত প্রতিরোধ করার জন্য _____ প্রয়োজন।
- ২.৫ বিশ্ব স্বাস্থ্য সংস্থা ______ জুলাই দিনটিকে বিশ্ব হেপাটাইটিস দিবস হিসেবে ঘোষণা করেছেন ।

**সত্য অথবা মিথ্যা নিরুপণ করো : (১X৫=৫)**

- **২.৬** এন্ডোপ্লাজমিক রেটিকুলাম ক্রোমোজোম থেকে সৃষ্টি হয় ।
- **২.৭** ব্যাকটেরিয়ার কোষ এ পর্দা ঘেরা মাইটোকনড্রিয়া অনুপস্থিত ।
- **২.৮** প্রোটোপ্লাজম সর্বদা স্থির অবস্থায় থাকে।
- **২.৯** মশা এক ধরনের জৈব বাহক।
- **২.১০** এইচআইভি লালা রসের মাধ্যমে সংক্রামিত হয়।

**একটি শব্দে বা একটি বাক্যে উত্তর লেখো : (১X১০=১০)**

- **২.১১** HIV এর পুরো নাম কি?
- **২.১২** কোন ভারতীয় বিজ্ঞানী কালাজ্বরের ওষুধ আবিষ্কার করেন ?
- **২.১৩** হাজার 900 তোকে গাঙ্গেয় বদ্বীপ অঞ্চলে প্রথম কোন রোগের প্রাদুর্ভাব ঘটে?
- **২.১৪** হেপাটাইটিস কোন ধরনের পরজীবী সংক্রমণ করে?
- **২.১৫** পিতা-মাতা থেকে তাদের সন্তানদের মধ্যে বংশগত বৈশিষ্ট্য কিসের মাধ্যমে বাহিত হয়?
- **২.১৬** মানবদেহের দীর্ঘতম কোশ কোনটি?
- **২.১৭ বিসদৃশ শব্দটি লেখো :** লসিকা, অস্থি, হৃদপেশি, কার্টিলেজ।
- **২.১৮ বিসদৃশ শব্দটি লেখো :** ক্যামিল্লো গলগী, রবার্ট হুক, নিউরোসাইটন, লিভেন হুক।
- **২.১৯ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পুরণ করো :** যক্ষা : ব্যাকটেরিয়া : : ম্যালেরিয়া : _______ ।
- **২.২০ উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পুরণ করো :** রক্ত : তরল যোগ কলা : : নিউরোন : ________ ।

**গ- বিভাগ**

<u>৩।</u> **দু-একটি বাক্যে উত্তর লেখো। (২X৫=১০)**

- ৩.১ SARS এর পুরো নাম কি? এই রোগ প্রথম কোথায় দেখা যায়? **(১+১)**
- ৩.২ তোমার পাশের বাড়ির একজনের মাঝে মাঝে জ্বর আসছে গলা খুসখুস করছে চোখ লাল হয়ে যাচ্ছে এবং বমি নিউমোনিয়া ও ডায়রিয়া হচ্ছে শ্বাসকষ্ট দেখা যাচ্ছে| ওনার কি রোগ হয়েছে বলে তুমি মনে করো ? এই রোগের পরজীবীর নাম লেখ। **(১+১)**
- ৩.৩ RER এবং RNA এর পুরো নাম লেখ। **(১+১)**
- ৩.৪ এমন একটি কোশ আবরণীর দুটি বৈশিষ্ট্য লেখ যা উন্নত প্রাণী কোশে থাকে না। **(১+১)**
- ৩.৫ নিউক্লিয়াসের কয়টি অংশ ও কি কি? **(১+১)**

S.R.A.I.